# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩৩৩৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ জামা-পায়জামা, জামার হাতা, লুঙ্গি তথা পাগড়ীর প্রান্ত কতটুকু লম্বা হবে? অহংকারবশতঃ ওগুলি ঝুলিয়ে পরা হারাম ও নিরহংকারে তা ঝুলানো অপছন্দনীয়

---

### আরবী

وَعَنهُ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ مَنْ جَرَّ ثَوْبَهُ خُيَلاَءَ لَمْ يَنْظُرِ اللهُ إِلَيْهِ يَوْمَ القِيَامَةِ فَقَالَتْ أُمُّ سَلَمَةَ : فَكَيْفَ تَصْنَعُ النِّسَاءُ بِذُيُولِهِنَّ ؟ قَالَ يُرْخِينَ شِبْراً قَالَتْ : إِذاً تَنْكَشِفُ أَقْدَامُهُنَّ قَالَ فَيُرخِينَهُ ذِرَاعاً لاَ يَزِدْنَ رواه أَبُو داود والترمذي، وقال حديث حسن صحيح

### বাংলা

(৩৩৩৩) পূর্বোক্ত বর্ণনাকারী হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, অহংকারবশতঃ যে ব্যক্তি গাঁটের নীচে কাপড় ঝুলিয়ে পরবে, কিয়ামতের দিন আল্লাহ তাআলা তার দিকে (করুণার দৃষ্টিতে) দেখবেন না। উম্মে সালামাহ প্রশ্ন করলেন, 'তাহলে মহিলারা তাদের কাপড়ের নিম্নপ্রান্তের ব্যাপারে কী করবে?' তিনি বললেন, আধ হাত বেশী ঝুলাবে। উম্মে সালামাহ বললেন, 'তাহলে তো তাদের পায়ের পাতা খোলা যাবে!' তিনি বললেন, ''তাহলে এক হাত পর্যন্ত নীচে ঝুলাবে; তার বেশী নয়।

### ফুটনোট

(আবূ দাউদ ৪১১৯, তিরমিযী ১৭৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67081

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন